হাইকোর্ট ফৌজদারী ফরম নং- ৬

নম্বর ............................... ২০

| ক্রমিক নং | তারিখ | নোট ও আদেশ |
|---|---|---|

# বাংলাদেশ সুপ্রীম কোর্ট
## হাইকোর্ট বিভাগ
## (ফৌজদারী আপীল অধিক্ষেত্র)

**উপস্থিতঃ**
**বিচারপতি জনাব মোঃ আশরাফুল কামাল**

**ফৌজদারী আপীল নং- ১৫৬৫/১৯৯১**

মোঃ আলমগীর ওরফে মোজাফফর হোসেন

----সাজাপ্রাপ্ত-আপীলকারী।

-বনাম-

রাষ্ট্র

------প্রতিপক্ষ।

এ্যাডভোকেট উপস্থিত নাই

---সাজাপ্রাপ্ত-আপীলকারী পক্ষে।

এ্যাডভোকেট নুরউস সাদিক চৌধুরী, ডেপুটি এ্যাটর্নী জেনারেল সংগে

এ্যাডভোকেট লাকী আক্তার, সহকারী এ্যাটনী জেনারেল

এ্যাডভোকেট ফেরদৌসী আক্তার, সহকারী এ্যাটর্নী জেনারেল

----রাষ্ট্র-প্রতিপক্ষ পক্ষে।

**শুনানী এবং রায় প্রদানের তারিখঃ ০৯.০৮.২০২৩।**

**বিচারপতি জনাব মোঃ আশরাফুল কামালঃ**

বিজ্ঞ সহকারী দায়রা জজ ও ভারপ্রাপ্ত বিশেষ ট্রাইব্যুনাল নং-০৫, চট্টগ্রাম কর্তৃক বিশেষ ট্রাইব্যুনাল মামলা নং ১২/১৯৮৫ শুনানীঅন্তে বিগত ইংরেজী ১৮.০১.১৯৮৭ তারিখে প্রদত্ত রায় ও আদেশে আসামী মোঃ আলমগীর ওরফে মোজাফফর হোসেনকে বিশেষ ক্ষমতা আইন, ১৯৭৪ এর ধারা ১০(এ) এর অপরাধে দোষী সাব্যস্থ করে ১(এক) বছর সশ্রম কারাদন্ড এবং ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা অর্থদন্ড অনাদায়ে আরও ৩(তিন) মাস সশ্রম কারাদন্ড প্রদান করেন। উপরিল্লিখিত রায় ও দন্ডাদেশে সংক্ষুদ্ধ হয়ে আসামী মোঃ আলমগীর ওরফে মোজাফফর হোসেন ফৌজদারী কার্যবিধির ৪১০ ধারায় অত্র ফৌজদারী আপীল দাখিল করলে অত্র আপীলটি শুনানীর জন্য বিগত ইংরেজী ২২.০১.১৯৮৭ তারিখে গ্রহন করা হয়।

**আপীলকারী পক্ষে বিজ্ঞ এ্যাডভোকেট অনুপস্থিত।**

অপরদিকে রাষ্ট্র-প্রতিপক্ষ পক্ষে বিজ্ঞ ডেপুটি এ্যাটর্নী জেনারেল এ্যাডভোকেট জনাব নুরউস সাদিক চৌধুরী বিস্তারিতভাবে যুক্তিতর্ক উপস্থাপন করেন।

অত্র ফৌজদারী আপীল দরখাস্ত এবং নথী পর্যালোচনা করলাম। রাষ্ট্রপক্ষের বিজ্ঞ ডেপুটি এ্যাটর্নী জেনারেল এ্যাডভোকেট জনাব নুরউস সাদিক চৌধুরী এর যুক্তিতর্ক শ্রবণ করলাম।

হাইকোর্ট ফৌজদারী ফরম নং- ৬

নম্বর ................................ ২০

| ক্রমিক নং | তারিখ | নোট ও আদেশ |
|---|---|---|
| | | **গুরুত্বপূর্ণ বিধায় বিজ্ঞ সহকারী দায়রা জজ ও ভারপ্রাপ্ত বিশেষ ট্রাইব্যুনাল নং-৫ , চট্টগ্রাম কর্তৃক বিশেষ ট্রাইব্যুনাল মোকদ্দমা নং-১২/১৯৮৫- এ প্রদত্ত বিগত ইংরেজী ১৮.০১.১৯৮৭ তারিখের রায় ও আদেশ নিম্নে অবিকল অনুলিখন হলোঃ-** |

*"Prosecution case, in a nut shell, is that on 13.11.84 at about 9-30 P.M. while the complainant Habilder Abdul Hoq was on petrol duty along with constable Abdur Rashid and Idris at Omar Ali Ghat area, he saw a accused Alamgir getting down from launch to a Sampan with a trunk and brief-case for coming towards the ghat. The complainant suspected his movement and accordingly challenged him. At this the accused tried to flee away leaving trunk and brief-case but he apprehended him and made the trunk and brief case unlocked by the accused and recover 5 cartoons of 555 foreign cigarettes from inside the brief case and 25 cartoons of same brand of cigarettes from inside the trunk. Then the complainant arrested the accused and seized the goods and went to outpost and made entry in the G.D. and forwarded the accused to Bandar P.S. along with the goods together with the written FIR. S.I Abdul Aziz prepared seizure list of the seized goods in presence of the witnesses and started Bandar P.S. Case No. 6 dt. 13.11.84.*

*I.O. investigated into the case and submitted charge sheet against the accused u/s 156(8) and 89 of Customs Act r/w Section 25 B of Special Powers Act xiv/74.*

*Defence as it transpires from the trend of cross-examination of PWs is that the accused is innocent and no foreign cigarettes were recovered from his possession and he has been falsely*

নম্বর ................................ ২০

| ক্রমিক নং | তারিখ | নোট ও আদেশ |
|---|---|---|
| | | *implicated in this case by the complainant who has personal grudge against the accused due to protest of the illegal activities of the police personnel in the Ghat.*<br>*Charge was framed against the accused u/s 25 B of the Special Powers Act xiv/74. The charge was read over and explained to the accd. who pleaded not guilty and claimed to be tried.*<br>***Point for decision.***<br>*Whether the accused is guilty of the offence with which he has been charged or in any other offence under the law.*<br>***Decision.***<br>*Prosecution has examined 4 PWs. Defence on the other hand examined no DW.*<br>*PW.I complainant Habilder Abdul Hoque has deposed tendering an account of the prosecution case alleging inter alia that on 13.11.84 at about 9.30 p.m. while he, constable Idris, Abdur Rashid were on petrol duty in river Karnafuli area at Omar Ali Ghat he found accused Alamgir coming down a launch with a brief-case and a trunk to Sampan. He suspected the accused at his movement and accordingly he challenged him, at this the accused tried to flee away leaving the trunk and brief case but he ca8ught hold of him and made the trunk and brief case unlocked by the accused himself and recovered 5 cartoons of 555 cigarettes from inside the trunk. He prepared seizure list in presence of the public, witnesses and arrested the accused. Seized the said smuggling goods and went to their outpost. He made entry in the G.D. and forwarded the accd. to the Bandar P.S. together with the seized goods and written* |

| ক্রমিক নং | তারিখ | নোট ও আদেশ |
|---|---|---|
| | | *FIR, Ext.1 .*<br>*PW-2 Constable Md. Idris Ali is one of the members of the arresting party and eye witness of the occurrence. He has deposed corroborating the statement of PW.1.*<br>*PW.3 Zafar Ahmed a Labourer of Omar Ali Ghat. The PW.3 is an eye witness of the occurrence. He has deposed that he saw the complainant PW.1 and his accompanied force to recover the seized goods from inside the trunk and brief-case from the accused person. His statement is full of corroboration with other PWs. All these 3 PWs were subject to searching cross-examination but nothing was elicited from them to shake their credibility. All these PWs are disinterested witness having no enmity with the accused person and as such I find nothing to disbelieve their testimony.*<br>*PW.4 Siddiqur Rahman has deposed that the S.I. prepared seizure list, Ext.2 at P.S. in his presence and as witness he put his signature therein, Ext.2/1. This witness has also been exhaustively cross-examined but he has disclosed nothing in cross-examination contradictory to his statement in chief. He is also an independent and disinterested witness and as such I find nothing to disbelieve his statement. It appears from the deposition of the PWs that none of them saw the accused persons to bring the seized goods i.e. foreign 555 cigarettes to Bangladeshi from any other country and it is well established principle of law that to constitute an offence u/s 25 B of Special Powers Act one must bring into Bangladesh any goods or takes some goods out of Bangladesh. But herein this case we find no evidence in this respect.* |

| ক্রমিক নং | তারিখ | নোট ও আদেশ |
|---|---|---|
| | | *However, there is nothing to deny the fact that the accd. secured the possession of these foreign goods illegally and this has caused economic loss of the State and the activities of the accused is definitely prejudicial to the economic or financial interest of the State. So, the offence committed by the accused comes within the mischief of Section 16(a) of Special Powers Act and accordingly I find the accused guilty of the offence u/s 16(a) of the Special Powers Act and not u/s 25 B of the Special Powers Act XIV of 1974 as charged.*<br>*Moreover, I find no legal impediment to punish the accused under this section although he has been charged under another Section vide Section 237(1) of Cr.P.C.*<br>*So, having considered the fact, evidence on record and other attending circumstances I find that although the prosecution has failed to substantiate the charge u/s 25B of special Powers Act but they have been able to substantiate the charge u/s 16(a) of the Special Powers Act XIV of 1974. However, considering the nature of the goods seized and its valuation I prefer to award the accused lesser punishment which I think will meet the ends of justice. Hence,*<br>*ORDERED*<br>*Hence,*<br>***<u>ORDERED</u>***<br>*That accd. Md. Alamgir @ Mozaffar Hossain is convicted for an offence punishable u/s 16(a) of the Special Powers Act, XIV of 1974 and sentenced him to suffer R.I. for 1(one) year and to pay fine of Tk.5000/-, in default, he is to suffer R.I. for 3 (three) months more.* |

| ক্রমিক নং | তারিখ | নোট ও আদেশ |
|---|---|---|
| | | *The seized goods be confiscated to the Government.*<br>*Dictated and corrected by me.*<br>*Sd/-Kamaluddin Mian*<br>*18.01.87*<br>*Special Tribunal-in charge.*<br>*Chittagong.*<br><br>**অভিযোগকারী হাবিলদার আব্দুল হক পি, ডাব্লিউ- ১ হিসেবে তার জবানবন্দিতে বলেন যে, বিগত ইংরেজী ১৩.১১.১৯৮৪ তারিখে রাত ৯.৩০ ঘটিকার সময় কন্সটেবল ইদ্রিস এবং আব্দুর রশিদ এর সাথে কর্ণফুলী নদী এলাকার ওমর আলী ঘাটে টহলরত থাকাকালীন আসামী আলমগীরকে ব্রিফকেস এবং একটি ট্রাঙ্কসহ লঞ্চ থেকে সাম্পানে উঠার সময় সন্দেহবশত তাকে আটক করে ট্রাঙ্ক এবং ব্রিফকেস থেকে ৫ কার্টুন ৫৫৫ সিগারেট উদ্ধার করে জব্দ তালিকা প্রস্তুত করেন এবং জব্দ তালিকার সাক্ষীদের স্বাক্ষর গ্রহণ করেন।**<br>**অত্র মোকদ্দমায় অভিযোগকারী হাবিলদার আব্দুল হক (পি, ডাব্লিউ- ১)-কে সমর্থন করে সাক্ষ্য প্রদানের লক্ষ্যে প্রসিকিউশন পক্ষ ০৩ জন সাক্ষীর সাক্ষ উপস্থাপন করেন। এই তিনজন সাক্ষী হলো পি, ডাব্লিউ- ২ কন্সটেবল ইদ্রিস, পি, ডাব্লিউ- ৩ শ্রমিক জাফর আহমেদ এবং পি, ডাব্লিউ- ৪ সিদ্দিকুর রহমান।**<br>**পি, ডাব্লিউ-৩ জাফর আহমেদ ওমর আলী ঘাটের একজন শ্রমিক। তিনি বলেছেন তিনি ঘটনার চাক্ষুস সাক্ষী। তিনি তার জবানবন্দিতে পরিস্কারভাবে বলেছেন যে, তার সম্মুখে অভিযোগকারী এবং তার সঙ্গীয় ফোর্স আসামীর ট্যাঙ্ক এবং ব্রিফকেস থেকে জব্দকৃত মালামাল উদ্ধার করেছেন। কিন্তু অভিযোগকারী হাবিলদার আব্দুল হক পি, ডাব্লিউ- ১ হিসেবে তার জবানবন্দিতে পরিস্কারভাবে বলেছেন যে, তিনি কন্সটেবল ইদ্রিস এবং আব্দুর রশিদ এর সহযোগীতায় আসামীকে ট্রাঙ্ক এবং ব্রিফকেসসহ আটক করে জব্দকৃত মালামাল উদ্ধার করেন। ফলে এটি পরিস্কার যে, এই সাক্ষী আদালতে মিথ্যা বলেছেন প্রমানীত। অপরদিকে, পি, ডাব্লিউ-৪ সিদ্দিকুর রহমান তার সাক্ষ্যে যদিও বলেছেন যে, অভিযোগকারী তার সম্মুখে জব্দনামা প্রস্তুত করেছেন, কিন্তু তিনি তার জবানবন্দীর কোথাও বলেন নাই যে, জব্দকৃত মালামাল তাকে সংগে নিয়ে তার সম্মুখে অভিযোগকারী আসামীর দখল হতে উদ্ধার করেছেন। লঞ্চ এবং সাম্পানের কাউকেও এ মোকদ্দমায় সাক্ষী হিসেবে উপস্থাপন করা হয় নাই। ট্রাঙ্ক থেকে কয় কার্টুন এবং বিফকেস থেকে কয় কার্টুন সিগারেট উদ্ধার করা হয়েছে** |

হাইকোর্ট ফৌজদারী ফরম নং- ৬

নম্বর ................................ ২০

| ক্রমিক নং | তারিখ | নোট ও আদেশ |
|---|---|---|
| | | তা প্রমাণ করা হয় নাই। |

সার্বিক পর্যালোচনায় এটি স্পষ্ট প্রতিয়মান যে, অভিযোগকারী অত্র আসামীকে হয়রানী করার মানষে অত্র মিথ্যা মোকদ্দমা দায়ের করেছে। বিজ্ঞ বিচারিক আদালত সাক্ষ্য প্রমানের ভিত্তিতে যে রায় প্রদান করেছেন তা সঠিক নয়। প্রসিকিউশন পক্ষের সাক্ষীদের সাক্ষ্য দ্বারা প্রসিকিউশন পক্ষ মোকদ্দমাটি প্রমাণ করতে সম্পুর্ণরূপে ব্যর্থ হয়েছে। উপরিল্লিখিত অবস্থাধীনে অত্র ফৌজদারী আপীলটি মঞ্জুরযোগ্য।

**অতএব, আদেশ হয় যে, অত্র ফৌজদারী আপীলটি মঞ্জুর করা হলো।**

বিজ্ঞ সহকারী দায়রা জজ ও ভারপ্রাপ্ত বিশেষ ট্রাইব্যুনাল নং-০৫, চট্টগ্রাম কর্তৃক বিশেষ ট্রাইব্যুনাল মামলা নং- ১২/১৯৮৫এ প্রদত্ত বিগত ইংরেজী ১৮.০১.১৯৮৭ তারিখের রায় ও দন্ডাদেশে এতদ্বারা বাতিল করা হলো। আসামী-আপীলকারীকে প্রসিকিউশন পক্ষ কর্তৃক আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি তথা খালাস প্রদান করা হলো। আসামী-আপীলকারী এবং তার জামিনদারকে জামিননামার দায় থেকে অব্যহতি প্রদান করা হলো।

অত্র রায়ের অনুলিপিসহ অধস্তন আদালতের নথি সংশ্লিষ্ট আদালতে দ্রুত প্রেরন করা হউক।

(বিচারপতি মোঃ আশরাফুল কামাল)

হাইকোর্ট ফৌজদারী ফরম নং- ৬

নম্বর ................................ ২০

| ক্রমিক নং | তারিখ | নোট ও আদেশ |
| --- | --- | --- |
| | | |